

# ঢাকা ওয়াসা

নথি অফিসঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)

নথি শাখাঃ সংগ্রহ বিভাগ-২

মুদ্রনকারীঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা), সংগ্রহ বিভাগ-২

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪২৮.০৭.০২০.২৪ নথির বিষয়: Procurement of Drop-out fuse with carrier, dropout fuse link, Lightning Arrester, Heat shrink termination kit and heat shrink joint kit of 11KV Sub-station Under FM Division, Dhaka WASA.

নোট: ১ নোটের বিষয়: Procurement of Drop-out fuse with carrier, dropout fuse link, Lightning Arrester, Heat shrink termination kit and heat shrink joint kit of 11KV Sub-station Under FM Division, Dhaka WASA.

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ৮/৫/২৪ ৭:৫০ অপরাহ্ন

ঢাকা ওয়াসার অওতাধীন বিভিন্ন এলাকায় বিদ্যমান বর্তমানে প্রায় ১৩০০ টির অধিক গভীর নলকূপ হতে পানি উত্তোলন পূর্বক ঢাকা নগরবাসীর নিকট সরবরাহ করা হয়। এই সকল গভীর নলকূপের পাম্প মোটর সহ সকল ইলেকট্রো-মেকানিক্যাল মেরামত ও রক্ষণাবেক্ষন কাজ এফ এম বিভাগ-১ ও ২ এর মাধ্যমে করা হয়ে থাকে। প্রতিটি পাম্পে একটি ১১/০.৪১৫ কেভি বৈদ্যুতিক সাব-স্টেশন আছে। উক্ত সাবস্টেশন সমূহের গুরুত্বপূর্ণ Equipment হল ড্রপ আউট ফিউজ এবং লাইটনিং এ্যারেস্টার। ড্রপ আউট ফিউজ প্রটেকটিভ ডিভাইস হিসেবে সাবস্টেশনের ইনকামিং এ ব্যবহার করা হয়। কোন কারণে ওভার হেড ডিস্ট্রিবিউশন লাইনে কিংবা ট্রান্সফরমার, ভি.এফ.ডি. বা সাব-পাম্পে ফল্ট সংঘটিত হলে ড্রপ আউট ফিউজের ফিউজ এলিমেন্ট গলে হাইড্রোল্টেজ ডিস্ট্রিবিউশন লাইন হতে সাবস্টেশনকে Disconnect করে দেয়। অনুরূপভাবে লাইটনিং এ্যারেস্টারও একটি প্রটেকটিভ ডিভাইস যা ড্রপ আউট ফিউজকে প্রটেকশন দেয়ার জন্য উহার প্যারাললে ব্যবহার করা হয়। আকাশে বজ্রপাত সংঘটিত হলে ওভারহেড ডিস্ট্রিবিউশন লাইনে ভোল্টেজের পরিমাণ অনেকগুণ বেড়ে যায়। এই অতিরিক্ত ভোল্টেজকে Ground করার জন্যই মূলত লাইটনিং এ্যারেস্টার ব্যবহার করা হয়। যেহেতু ড্রপ আউট ফিউজ এবং লাইটনিং এ্যারেস্টার খোলা আকাশের নিচে থাকে সেহেতু আর্দ্র আবহাওয়া জনিত কারণে উহার মেটাল অংশে মরিচা ধরে কার্যকারিতা নষ্ট করে ফেলে। ফলে ওভার হেড লাইনে ঘন ঘন ফল্ট সংঘটিত হয়। উল্লেখ্য Overhead Treble shooting DPDC/DESCO করে থাকে। স্বাভাবিক ভাবেই অকেজো ড্রপ আউট জনিত কারনে DPDC/DESCO কর্তৃপক্ষ বিদ্যুৎ পুনঃসংযোগ দিতে বিলম্ব করে। ফলে সংশ্লিষ্ট এলাকায় দীর্ঘ সময় পাম্প বন্ধ থাকে এবং এলাকায় পানির সংকট সৃষ্টি হয়। এ কারনে অকেজো ড্রপ আউট এবং লাইটনিং এ্যারেস্টার সমূহ একটি নির্দিষ্ট সময় পর পর পরিবর্তনের প্রয়োজন হয়। বর্তমানে বিভাগীয় ও কেন্দ্রীয় ভাভাবে Drop-out fuse with carrier, dropout fuse link, Lightning arrester, Heat shrink termination kit ও heat shrink joint kit এর মজুদ পর্যাপ্ত না থাকায় অত্র বিভাগ হতে সংগ্রহের লক্ষ্যে এফ এম বিভাগ হতে চাহিদা পত্র পাওয়া গিয়াছে (সংযুক্তি-১ দ্রঃ)। উক্ত চাহিদা অনুযায়ী এফ এম বিভাগের জন্য Drop-out fuse- ১০০ সেট, dropout fuse link- ১০০ সেট, Lightning Arrester- ৪০ সেট, Heat shrink termination kit- ৮০ সেট ও heat shrink joint kit- ৪০ সেট সংগ্রহ করা প্রয়োজন।

সংযুক্তিসমূহ (৬):

১। এফ এম বিভাগ হতে প্রাপ্ত চাহিদা।.pdf

২। ঢাকা ওয়াসা, সংগ্রহ বিভাগ-২ এর ২০২৩-২৪ অর্থ বছরের সংশোধিত ক্রয়-পরিকল্পনার কপি।.pdf

৩। Demand Analysis Report..pdf

৪। টেকনিক্যাল স্পেসিফিকেশন।.pdf

৫। পিডব্লিউডি রেইট সিডিউলের ফটোকপি।.pdf

৬। আলোচ্য সংগ্রহ কাজের প্রাক্কলন।.pdf

অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ৮/৫/২৪ ৭:৫১ অপরাহ্ন

বর্ণনা মোতাবেক পিডব্লিউডি এর রেইট সিডিউল এর ভিত্তিতে Drop-out fuse with carrier, dropout fuse link, Lightning arrester, Heat shrink termination kit ও heat shrink joint kit এর প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। প্রণীত প্রাক্কলনে প্রতিসেট Drop-out fuse এর দর ২৫,১,৫৪.০০ টাকা, প্রতিসেট Dropout fuse link এর দর ১২২২.০০ টাকা, প্রতিসেট Lightning arrester এর দর ১৯০১৯.০০ টাকা, প্রতিসেট Heat shrink termination kit এর দর ৯৮০৪.০০ টাকা ও প্রতিসেট Heat shrink joint kit এর দর ১৭,৮১০ টাকা হারে সর্বমোট মালামালের প্রাক্কলিত ব্যয় (Cost of Goods) ৪৮,৯৫০৮০.০০ (আটচল্লিশ লক্ষ পঁচানব্বই হাজার আশি টাকা মাত্র) টাকা। এছাড়া রিলেটেড সার্ভিস পরিবহন, লোডিং-আনলোডিং ব্যয় ধরে রিলেটেড সার্ভিস এর প্রাক্কলিত ব্যয় ১০,০০০ (দশ হাজার টাকা মাত্র) টাকা। আলোচ্য কাজের মালামালের ব্যয় ও রিলেটেড সার্ভিস (Cost of Goods+Related Service) মিলে সর্বমোট প্রাক্কলিত ব্যয় ৪৯,০৫,০৮০.০০ (উনপঞ্চাশ লক্ষ পাঁচ হাজার আশি টাকা মাত্র) টাকা।

অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ৮/৫/২৪ ৭:৫১ অপরাহ্ন

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা







আলোচ্য সংগ্রহ কাজটির ব্যয় সংগ্রহ বিভাগ-২ এর ২০২৩-২৪ ইং অর্থবছরের সংশোধিত ক্রয় পরিকল্পনার খুচরা যন্ত্রাংশ ক্রয় খাত এর ক্রমিক নং- ৫৪ হতে নির্বাহ করা হবে। আলোচ্য কাজটির Approving Authority হল Deputy Managing Director, Dhaka WASA. আলোচ্য সংগ্রহ কাজটি পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ অনুসরণ পূর্বক e-GP System এ উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে (OTM) সম্পন্ন করা যেতে পারে। সংগ্রহ কাজটির দরপত্র দলিল CPTU প্রণীত STD (e-PG-3) অনুসরণ পূর্বক প্রণয়ন করত কার্য সম্পাদন করা হবে। এছাড়া TDS এর ITT 1-1 তে Procuring Entity হিসাবে Executive Engineer, Procurement Division-2, Dhaka WASA রাখা হয়েছে। উক্ত দরপত্র দলিলের TDS অংশের সরবরাহকারীর যোগ্যতার প্যারায় ITT 15.1 তে সার্বিক ক্রয় কাজের অভিজ্ঞতা (Overall Supply Experience) ৫ বৎসর এবং ITT 15.1 (b) The satisfactory completion of supply of similar Goods of minimum 70 Lakh under maximum 2 contracts in the last 03 of years. i.e. years counting backward from the date of publication of IFT in the e-GP System The minimum specific experience as Supplier in supply of similar Goods of at least 02 contract(s) successfully completed within the last 3 years, each with a value of at least Tk. 35 Lakh সরবরাহকারীর Financial criteria হিসাবে ITT 16.1(a) এ ৪০ লক্ষ টাকা রাখা যেতে পারে। আলোচ্য সংগ্রহ কাজের দরপত্র প্রস্তুত, আহ্বান, চুক্তি সম্পাদন ও চুক্তি বাস্তবায়ন কাজ সমূহ Procuring Entity হিসাবে Executive Engineer, Procurement Division-2, Dhaka WASA কর্তৃক সম্পাদিত হবে।

#### অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ৮/৫/২৪ ৭:৫৫ অপরাহ্ন

আলোচ্য সংগ্রহ কাজের দরপত্র প্রস্তুত, আহ্বান, চুক্তি সম্পাদন ও চুক্তি বাস্তবায়ন কাজ সমূহ হিসাবে Executive Engineer, Procurement Division-2, Dhaka WASA কর্তৃক সম্পাদিত হবে।

এমতাবস্থায়, উপরোক্ত অনুচ্ছেদ-১.০ হতে ১.২ এর বর্ণনার আলোকে ঢাকা ওয়াসার এফ এম বিভাগের জন্য Drop-out fuse with carrier, Dropout fuse link, Lightning Arrester, Heat shrink termination kit and Heat shrink joint kit সংগ্রহের লক্ষ্যে নিম্নোক্ত প্রস্তাব সদয় অনুমোদন করা যেতে পারে:-

- ক) উপস্থাপিত সংগ্রহ কাজে টাঃ ৪৯,০৫,০৮০.০০ (উনপঞ্চাশ লক্ষ পাঁচ হাজার আশি টাকা মাত্র) টাকার প্রাক্কলন অনুমোদন।
- খ) আলোচ্য সংগ্রহ কাজটির ব্যয়ভার সংগ্রহ বিভাগ-২ এর ২০২৩-২৪ ইং অর্থবছরের সংশোধিত ক্রয় পরিকল্পনার খুচরা যন্ত্রাংশ ক্রয় খাত এর ক্রমিক নং- ৫৪ হতে নির্বাহের অনুমোদন।
- গ) সংগ্রহ কাজটি পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ অনুযায়ী Open Tendering Method (OTM) পদ্ধতিতে বাস্তবায়ন এর অনুমোদন।
- ঘ) সংগ্রহ কাজের দরপত্র প্রস্তুত, আহ্বান, চুক্তি সম্পাদন ও চুক্তি বাস্তবায়ন কাজসমূহ Procuring Entity হিসাবে Executive Engineer, Procurement Division-2, Dhaka WASA কর্তৃক সম্পাদনের অনুমোদন।


|                                                                                                                                                                     |                                                                                                                                                              |                                                                                                                                                                        |                                                                                                                                                                                                                             |
|---------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|--------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|-----------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|
| <br>৮/৫/২৪ ৮:১৭ অপরাহ্ন<br>রঞ্জন বড়ুয়া<br>উপ-সহকারী প্রকৌশলী<br>সংগ্রহ বিভাগ-২ | <br>৮/৫/২৪ ৮:২১ অপরাহ্ন<br>সাইমুল হক<br>সহকারী প্রকৌশলী<br>সংগ্রহ বিভাগ-২ | <br>৮/৫/২৪ ৮:২৭ অপরাহ্ন<br>মোঃ জয়নাল আবদীন<br>নির্বাহী প্রকৌশলী<br>সংগ্রহ বিভাগ-২ | <br>৯/৫/২৪ ১০:৫৬ পূর্বাহ্ন<br>মোঃ আরঃ লতিফ<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী<br>আর পি ই এন্ড এম সার্কেল                                        |
|                                                                                                                                                                     |                                                                                                                                                              |                                                                                                                                                                        | <br>১০/৫/২৪ ১:২১ পূর্বাহ্ন<br>মুস্তাফিজুর রহমান<br>প্রধান প্রকৌশলী (অতিরিক্ত দায়িত্ব)<br>প্রধান প্রকৌশলী (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)     |
|                                                                                                                                                                     |                                                                                                                                                              |                                                                                                                                                                        | <br>১০/৫/২৪ ১:২১ পূর্বাহ্ন<br>এ. কে. এম. সহিদ উদ্দিন<br>উপ-ব্যবস্থাপনা পরিচালক (ওএন্ড এম)<br>উপ-ব্যবস্থাপনা পরিচালক (ওএন্ডএম) এর দপ্তর |

-০৩-


# ঢাকা ওয়াসা

অনুচ্ছেদ ১.৪ - তারিখঃ ১০/৫/২৪ ১২:০৩ অপরাহ্ন


Approved.



১০/৫/২৪ ১২:০৩ অপরাহ্ন  
এ. কে. এম. সহিদ উদ্দিন  
উপ-ব্যবস্থাপনা পরিচালক (ওএন্ড  
এম)  
উপ-ব্যবস্থাপনা পরিচালক  
(ওএন্ডএম) এর দপ্তর




১১/৫/২৪ ১২:৩৫ পূর্বাহ্ন  
মুস্তাফিজুর রহমান  
প্রধান প্রকৌশলী (অতিরিক্ত  
দায়িত্ব)  
প্রধান প্রকৌশলী (পরিচালন ও  
রক্ষণাবেক্ষণ)



১৩/৫/২৪ ৪:৪০ পূর্বাহ্ন  
মোঃ জয়নাল আবদীন  
নির্বাহী প্রকৌশলী  
সংগ্রহ বিভাগ-২



১৩/৫/২৪ ৯:৫৯ পূর্বাহ্ন  
সাইমুল হক  
সহকারি প্রকৌশলী  
সংগ্রহ বিভাগ-২





১৩/৫/২৪ ১০:৪৩ পূর্বাহ্ন  
রজন বড়ুয়া  
উপ-সহকারী প্রকৌশলী  
সংগ্রহ বিভাগ-২


(০৭) APP Package Details.

(০৮) Notice ও Tender Document.

০২। ঢাকা ওয়াসার এফ এম বিভাগের জন্য Drop-out fuse with carrier, Dropout fuse link, Lightning Arrester, Heat shrink termination kit and Heat shrink joint kit সংগ্রহ কাজের e-GP System এ দরপত্র দলিল প্রস্তুত করা হয়েছে। দরপত্র নোটিশ পত্রিকায় প্রকাশের জন্য উপ-প্রধান, জনতথ্য কর্মকর্তাকে প্রদানের লক্ষ্যে e-Tender Notice সহ খসড়া পত্র প্রস্তুত করা হয়েছে; যা সদয় স্বাক্ষরের জন্য উপস্থাপন করা হল।

  
২৩/০৫/২৪  
রজন বড়ুয়া  
উপ-সহকারী প্রকৌশলী  
সংগ্রহ বিভাগ-২  
ঢাকা ওয়াসা।

  
২৩.০৫.২৪  
সাইমুল হক  
উপ-বিভাগীয় প্রকৌশলী  
সংগ্রহ বিভাগ-২  
ঢাকা ওয়াসা।

  
২৩/০৫/২৪  
মোঃ জয়নাল আবদীন  
নির্বাহী প্রকৌশলী  
সংগ্রহ বিভাগ-২  
ঢাকা ওয়াসা।

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা